:চন্দননগর পৌরনিগম এলাকার পুজো কমিটিগুলির কাছে আবেদন ও আন্তরিক আহ্বান:

‘মা জগদ্ধাত্রী সবুজ সম্মান – ২০২৬’

উদ্যোগে: জীববৈচিত্র্য ব্যবস্থাপনা সমিতি, চন্দননগর পৌরনিগম

আর্থিক সহায়তায়: পশ্চিমবঙ্গ জীববৈচিত্র্য পর্ষদ (West Bengal Biodiversity Board)

শ্রদ্ধেয় পূজা উদ্যোক্তাবৃন্দ,

মা জগদ্ধাত্রীর আরাধনা আমাদের ঐতিহ্য, সংস্কৃতি ও সম্প্রীতির এক অনন্য উৎসব। এই উৎসবকে কেন্দ্র করে পরিবেশ সংরক্ষণ ও জীববৈচিত্র্য রক্ষার বার্তা যদি মানুষের কাছে পৌঁছে দেওয়া যায়, তবে আমাদের উৎসব আরও অর্থবহ হয়ে উঠবে। এই ভাবনাকে সামনে রেখেই চন্দননগর পৌরনিগমের জীববৈচিত্র্য ব্যবস্থাপনা সমিতির উদ্যোগে এবং পশ্চিমবঙ্গ জীববৈচিত্র্য পর্ষদের আর্থিক সহায়তায় আয়োজিত হচ্ছে **‘মা জগদ্ধাত্রী সবুজ সম্মান – ২০২৬’।** এই সম্মানের উদ্দেশ্য কেবল সুন্দর মণ্ডপ বা আকর্ষণীয় আলোকসজ্জার স্বীকৃতি দেওয়া নয়; বরং পূজা উদ্যোক্তাদের পরিবেশবান্ধব চিন্তাভাবনা, জীববৈচিত্র্য সংরক্ষণে উদ্যোগ, পরিচ্ছন্নতা এবং জনসচেতনতা বৃদ্ধির প্রচেষ্টাকে উৎসাহিত করা। এই বিশেষ উদ্যোগে আপনাদের পূজা সংস্থার সক্রিয় অংশগ্রহণ একান্তভাবে কামনা করছি।

কী কী বিষয়ের উপর গুরুত্ব দেওয়া হবে?

- **পরিবেশবান্ধব মণ্ডপ ও প্রতিমা:** প্রতিমা ও মণ্ডপসজ্জায় পরিবেশবান্ধব, পুনর্ব্যবহারযোগ্য এবং জৈব-বিয়োজ্য উপকরণের ব্যবহার। প্লাস্টিক ও থার্মোকলের ব্যবহার পরিহার।
- **জীববৈচিত্র্য সংরক্ষণ:** দেশীয় প্রজাতির বৃক্ষরোপণ ও সংরক্ষণ, স্থানীয় গাছপালা, পুকুর ও জলাশয়ের সুরক্ষা এবং জীববৈচিত্র্য রক্ষায় জনসচেতনতামূলক উদ্যোগ।
- **বর্জ্য ব্যবস্থাপনা ও পরিচ্ছন্নতা:** পচনশীল ও অপচনশীল বর্জ্য পৃথকীকরণের জন্য Green Bin ও Blue Bin-এর ব্যবস্থা এবং মণ্ডপ ও পার্শ্ববর্তী এলাকা পরিচ্ছন্ন রাখা। একবার ব্যবহারযোগ্য প্লাস্টিক বর্জন।
- **শক্তি সাশ্রয়ী আলোকসজ্জা:** LED আলো ও শক্তি-সাশ্রয়ী বৈদ্যুতিক ব্যবস্থার ব্যবহার এবং অপ্রয়োজনীয় বিদ্যুৎ খরচ কমানোর উদ্যোগ।
- **জনসচেতনতা ও উদ্ভাবনী উদ্যোগ:** পরিবেশ ও জীববৈচিত্র্য সংরক্ষণে পোস্টার, ব্যানার, স্লোগান, মাইক প্রচার, ভিডিও প্রদর্শন, বৃক্ষের পরিচিতি ও QR Code, বৃষ্টির জল সংরক্ষণ, বর্জ্য থেকে সম্পদ তৈরি কিংবা অন্য কোনও অভিনব ও সৃজনশীল উদ্যোগ।

আপনাদের গৃহীত উদ্যোগগুলি মণ্ডপে ছবি, ব্যানার, পোস্টার অথবা উপযুক্ত প্রদর্শনীর মাধ্যমে দর্শনার্থীদের সামনে তুলে ধরতে পারেন।

মনোনয়ন জমা দেওয়ার পদ্ধতি

এই সম্মানে অংশগ্রহণের জন্য নির্দিষ্ট Google Form-এর মাধ্যমে মনোনয়ন জমা দিতে হবে।

মনোনয়ন জমা দেওয়ার শেষ তারিখ: ১২ নভেম্বর ২০২৬।

Google Form Link:

https://docs.google.com/forms/d/e/1FAIpQLSdsXzUJpXXhV2vOZaSbMLNCVLmIr1E6KAlzSfwwzFHZcdiJ8Q/viewform?usp=publish-editor

পুরস্কার ও সম্মাননা

মূল্যায়নের ভিত্তিতে সেরা পাঁচটি পুজো কমিটি কে প্রদান করা হবে—

পরিবেশবান্ধব ট্রফি , নগদ ৫,০০০/- টাকা, শংসাপত্র, ফলের গাছের চারা

মূল্যায়নের দিন ও সময়: তারিখ: ১৫ নভেম্বর ২০২৬ (রবিবার) সময়: সকাল ৯টা থেকে।

আমরা বিশ্বাস করি, আপনাদের সহযোগিতা ও সৃজনশীল উদ্যোগের মাধ্যমে জগদ্ধাত্রী পূজার আনন্দের পাশাপাশি পরিবেশ ও জীববৈচিত্র্য সংরক্ষণের এক ইতিবাচক সামাজিক বার্তা ছড়িয়ে পড়বে।

আসুন, উৎসবের আনন্দের সঙ্গে পরিবেশ রক্ষার অঙ্গীকারও গ্রহণ করি। আমাদের সম্মিলিত উদ্যোগেই গড়ে উঠুক সবুজ, সুন্দর ও জীববৈচিত্র্যে সমৃদ্ধ আগামী।

আপনাদের আন্তরিক অংশগ্রহণ ও সহযোগিতা একান্তভাবে কাম্য।

বিনীত,

জীববৈচিত্র্য ব্যবস্থাপনা সমিতি, চন্দননগর পৌরনিগম